গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
আইসিটি শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৬.০৫.০০১.২১.৫০ তারিখ: ৫ অগ্রহায়ণ ১৪২৯
২০ নভেম্বর ২০২২

বিষয়: **ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার তালিকা সফট্‌কপিতে প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং -০৪.০০.০০০০.৮৩৩.০৪.০০২.২০.১৭২, তারিখঃ ১৩-১১-২০২২;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, ই-গভর্নেন্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ হতে চাহিত প্রতিবেদনটি (ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার তালিকার সফট্‌কপি) প্রদত্ত ছক অনুযায়ী (আওতাধীন দপ্তর/সংস্থাসহ) এ সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার তালিকা (সফট্‌কপি)

২০-১১-২০২২
এ. এফ. এম. আতাউল কিবরিয়া
সহকারী প্রোগ্রামার
ফোন: +৮৮-০২-৯৫১৩৩৬৩
ফ্যাক্স: +৮৮-০২-৯৫১৪৪০৮
ইমেইল: ap@moysports.gov.bd

সচিব, সমন্বয় ও সংস্কার
সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ

**দৃষ্টি আকর্ষণঃ** উপসচিব, ই-গভর্নেন্স-২ অধিশাখা , মন্ত্রিপরিষদ বিভাগ

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৬.০৫.০০১.২১.৫০/১(৭) তারিখ: ৫ অগ্রহায়ণ ১৪২৯
২০ নভেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) অতিরিক্ত সচিব, ক্রীড়া-১ অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
২) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
৩) উপসচিব, প্রশাসন অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
৪) উপসচিব, এপিএ শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৭) অফিস কপি।

২০-১১-২০২২

এ. এফ. এম. আতাউল কিবরিয়া

সহকারী প্রোগ্রামার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রণালয়/বিভাগের নাম: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

বিষয়ঃ ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা্র ডাটাবেজ।

| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১. | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের পেনশন সেবা সহজিকরণ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের পেনশন সেবাটি ইতঃপূর্বে ২৮ টি ধাপে সম্পন্ন করা হতো যা সহজীকরণের মাধ্যমে বর্তমানে ১৮ টি ধাপে সম্পন্ন করা হয়। | কার্যকর রয়েছে | হ্যাঁ | প্রযোজ্য নয় | |
| ০২. | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের অর্জিত ছুটি মঞ্জুরি | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদেরঅর্জিত ছুটি মঞ্জুরি সেবাটি ইতঃপূর্বে ২০ টি ধাপে সম্পন্ন করা হতো যা সহজীকরণের মাধ্যমে বর্তমানে ১৪ টি ধাপে সম্পন্ন করা হয়। | কার্যকর রয়েছে | হ্যাঁ | প্রযোজ্য নয় | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৩. | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের ভবিষ্যৎ তহবিলের অর্থ অগ্রীম উত্তোলনের অনুমতি | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের ভবিষ্যৎ তহবিলের অর্থ অগ্রীম উত্তোলনের অনুমতি সেবাটি ইতঃপূর্বে ১৮ টি ধাপে সম্পন্ন করা হতো যা সহজীকরণের মাধ্যমে বর্তমানে ০৯ টি ধাপে সম্পন্ন করা হয়। | কার্যকর রয়েছে | হ্যাঁ | প্রযোজ্য নয় | |
| ০৪. | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের শ্রান্তি বিনোদন ছুটির তথ্য প্রদান | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের শ্রান্তি বিনোদন ছুটির তথ্য হালনাগাদ রাখার নিমিত্ত একটি ওয়েব এপ্লিকেশন চলমান রয়েছে। এর দ্বারা মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীগণের শ্রান্তি বিনোদন ছুটির তথ্য তথ্যাদি হালনাগাদ রাখা হয়। | কার্যকর রয়েছে | হ্যাঁ | http://103.48.16.216/recreation/ | বাতায়নটি অক্টোবর এপ্রিল, ২০২২ পর্যন্ত হালনাগাদকৃত। মন্ত্রণালয়ে তদ-পরবর্তী সময়ে যোগদানকৃত কর্মকর্তা-কর্মচারীগণের তথ্য হালনাগাদকৃত নয়। |
| ০৫. | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সভাকক্ষ ব্যাবস্থাপনা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে কেবলমাত্র ০১ টি সভাকক্ষ বিদ্যমান। মন্ত্রণালয়ের একাধিক শাখা হতে একই সময়ে একধিক সভা আহব্বান করা হতো। এতে সভা সংক্রান্ত সময় ও স্থান বিভ্রাট সৃষ্টি হত। এ সমস্যা নিরসনের নিমিত্ত সভা কক্ষ ব্যবস্থাপনা বিষয়ক একটি অনলাইন সিস্টেম তৈরী করা হয়। এতে মন্ত্রণালয়ের সকল সভার সভাপতিত্বকারী, সভার স্থান ও সভার সময় সংক্রান্ত বিভ্রান্তি ও দৈত্বতা নিরসন হয়। | কার্যকর রয়েছে | হ্যাঁ | http://115.127.128.147/nimble | মন্ত্রণালয়ের আইটি সেল এ লোকবল সংকটের কারণে নিমিত্ত তথ্য হালনাগদ করা সম্ভব হয় না |
| ০৬. | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের নৈমিত্তিক ছুটি অনুমোদন ও ব্যাবস্থাপনা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের নৈমিত্তিক ছুটি অনুমোদন ও ব্যাবস্থাপনার নিমিত্ত ওয়েব এপ্লিকেশন টি প্রস্তুত করা হয়। | কার্যকর নাই | না | http://115.127.128.147/clms | কারিগরি ত্রুটির কারণে উক্ত এপ্লিকেশনের মাধ্যমে নৈমিত্তিক ছুটি অনুমোদন সাময়িক ভাবে বন্ধ রয়েছে |

মন্ত্রণালয়/বিভাগের নাম: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
দপ্তরের নাম: যুব উন্নয়ন অধিদপ্তর

**বিষয়ঃ ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।**

| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | যুব ঋণ গ্রহীতার জন্য ডিজিটাল পাস বহি চালু করণ। | ঋণের ম্যানুয়াল পাস বহিকে ডিজিটাল পাস বহিতে রূপান্তর করা হয়েছে। এর ফলে একজন ঋণ গ্রহীতা যে কোন স্থান থেকে যে কোন সময় তার ঋণ পরিশোধের হালনাগাদ অবস্থা ডিজিটাল ডিভাইস (এনড্রয়েড মোবাইল/ল্যাপটপ ইত্যাদি)-এর মাধ্যেমে জানতে পারবে এবং প্রয়োজনে প্রিন্ট নিতে পারবে। | কার্যকর আছে। প্রাথমিকভাবে সাতক্ষীরা সদর এবং খুলনা জেলার রূপসা উপজেলার ঋণ গ্রহীতাদের জন্য এ সেবা চালু করা হয়েছে। | হ্যা। ঋণের ডিজিটাল পাসবহি ব্যবহারের ঋণ কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত হয়েছে, ঋণ গ্রহীতার আস্থা বৃদ্ধি পেয়েছে। | http://193.48.16.204/mcms/ | |
| ২. | যুব ঋণের মাসিক প্রতিবেদন সহজীকরণ। | সেবা সহজীকরণের এ কার্যক্রম বাস্তবায়নের ফলে সময়, খরচ কমেছে। পূর্বের ৯ পাতা বিশিষ্ট একটি প্রতিবেদনের পরিবর্তে প্রয়োজনীয় সকল তথ্যের সমন্বয়ে ২ পাতার একটি সহজ প্রতিবেদন তৈরী করা হয়েছে। | কার্যকর আছে। | হ্যা। যুব ঋণের মাসিক প্রতিবেদন প্রেরণ সহজ হওয়ায় প্রতিবেদন প্রস্তুতিতে সময়, অর্থ সাশ্রয় হয়েছে, কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি পেয়েছে। | http://103.48.16.204/mc/ | |
| ৩. | আয়বর্ধক কর্মসূচির মাধ্যমে যুব নারীদের স্বনির্ভরকরণ এবং ক্ষমতায়ন। | উদ্ভাবন ধারণাটি বাস্তবায়নের জন্য গাজীপুর সদর উপজেলার জাঝর গ্রামকে নির্বাচন করা হয়। প্রথম পর্যায়ে স্টেকহোল্ডারদের সাথে আলোচনা এবং সুবিধাভোগীদের সাথে উঠান বৈঠক করে কর্মসূচির জন্য সহায়ক পরিবেশ তৈরি করা হয়। কর্ম এলাকার ৫০০টি পরিবারের জরিপ সম্পন্ন করা হয়েছে। জরিপের তথ্য থেকে একটি ডাটাবেইজ তৈরী করে কর্মক্ষম ৪৩৮ জন যুবনারীর মধ্যে পাইলটকালীন ১৯৫ জন যুবনারীকে স্বনির্ভর করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় এবং ধারাবহিকভাবে অন্যান্যদেরকে আয়বর্ধক কর্মসূচির সাথে সম্পৃক্ত করা হবে। | কার্যকর আছে। | এ কর্মসূচির আওতায় জাঝর গ্রামের নারীগণ আয়সঞ্চারমূলক কর্মসূচির সাথে সম্পৃক্ত হওয়ায় পরিবার ও সমাজে তাদের মর্যাদা বৃদ্ধি পেয়েছে ও ক্ষমতায়ন নিশ্চিত হয়েছে। | - | |
| ৪. | যুবদের উৎপাদিত পণ্য বাজারজাতকরণে ব্যবসায়িক সমিতির | প্রাথমিকভাবে ধানমন্ডি, বসিলা মোহাম্মদপুর এবং আদাবর এলাকার ১৩ জন যুব উদ্যোক্তাকে বাংলাদেশ হস্তশিল্প এসোসিয়েশনের সভাপতি জনাব আজিজুর রহমানের সাথে তাদের পণ্য বাজারজাতকরণের বিষয়ে লিংকেজ স্থাপন করে দেওয়া হয়। | কার্যকর আছে। | সরাসরি এবং অনলাইনে যুবদের উৎপাদিত পণ্য বাজারজাতকরণের ফলে যুবদের আত্মকর্মসংস্থানে নিয়োজিত হওয়ার প্রবণতা বৃদ্ধি পেয়েছে। | ফেসবুক পেজ- বাংলাদেশ হস্তশিল্প এসোসিয়েশন | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | সাথে যুব সংগঠনের লিংকেজ তৈরি | পরবর্তিতে হস্তশিল্প এসোসিয়েশন নামে একটি ফেসবুক গ্রুপ খোলার পরামর্শ প্রদান করা হয়। বর্তমানে তাদের ফেসবুক গ্রুপে ঢাকাসহ সারা দেশে ১ লক্ষ ১৯ হাজার যুব উদ্যোক্তা অন-লাইনে এবং অফ-লাইনে ব্যবসা পরিচালনা করছে। | | | | |
| ৫. | ঋণ কার্যক্রমের অনলাইন রিপোর্টিং সিস্টেম (ঋণ কার্যক্রমের ই-রিপোর্টিং) | উপজেলা কার্যালয় থেকে ঋণ বিতরণ এবং আদায়ের তথ্য অনলাইনে এন্ট্রি করলে উপজেলা, জেলা এবং কেন্দ্রীয় কার্যালয়ের ঋণের নির্ধারিত মাসিক প্রতিবেদন স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুত হয়। এ কার্যক্রম বাস্তবায়নের জন্য এ সিস্টেম ব্যবহারকারিদের সক্ষমতা তৈরীর জন্য প্রশিক্ষণ দিয়ে পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হচ্ছে। | কার্যকর আছে।<br>বর্তামনে ১৮ জেলায় এ কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে | ঋণ রিপোর্টিং সিস্টেম অনলাইনে হচ্ছে বিধায় সহজ ও নির্ভুল রিপোর্ট তৈরী হচ্ছে। | http://103.48.16.204/mc/ | |
| ৬. | প্রশিক্ষণে গতিশীলতা আনয়নে যুব তথ্য ব্যাংক তৈরী | যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশক্ষণার্থী বাছাই এবং নির্বাচনের জন্য এলাকাভিত্তিক জরিপের মাধ্যমে যুবদের ডাটাবেজ তৈরী এবং ডাটাবেজ থেকে যুবদের চাহিদা ও সক্ষমতার উপর ভিত্তি করে প্রশিক্ষণের ট্রেড নির্বাচন করা। | নরসিংদী সদর উপজেলায় পাইলটিং কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে | যুবদের সাথে যোগাযোগ তৈরি এবং তাদের কাছে যাওয়ার সুযোগ তৈরি হয়েছে এবং স্থানীয় চাহিদারভিত্তিতে প্রশিক্ষণার্থী নির্বাচন করা সম্ভব হয়েছে ফলে প্রশিক্ষণে ঝড়ে পড়ার প্রবণতা কমেছে, আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে | - | |
| ৭. | প্রশিক্ষণোত্তর আত্মকর্মসংস্থানে পারিবারিক পুঁজি গঠন | প্রশিক্ষণ শেষে কোন উদ্যোগ/প্রকল্প বাস্তবায়নের জন্য সকল প্রশিক্ষণার্থী কোন প্রাতিষ্ঠান থেকে ঋণ গ্রহণের সমর্থ্য হয়না, ফলে প্রশিক্ষণ লব্ধ জ্ঞান কাজে লাগিয়ে তারা আত্মকর্মী/ উদ্যোক্তা হতে পারে না। এ সকল প্রশিক্ষণার্থীর পরিবারকে উদ্বুদ্ধ করা হয় যাতে তারা প্রশিক্ষিত যুবদের প্রকল্প/উদ্যোগ গ্রহণের জন্য বিনিয়োগে উৎসহিত হয়। এভাবে প্রাতিষ্ঠানিক ঋণ সুবিধা ছাড়াই পারিবারিক পুঁজির মাধ্যমে প্রশিক্ষিত যুবকে আত্মকর্মসংস্থানে নিয়োজিত করা হয়। | কার্যকর আছে।<br>নরসিংদী সদর উপজেলায় পাইলটিং কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে | এ ধারাণা বাস্তবায়নের ফলে বেকারত্ব কমেছে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে নতুন উদ্যোক্তা সৃষ্টি হয়েছে।<br>ফলে মাদকাসক্তি লাঘব হয়েছে, নারী ও শিশু নির্যাতন লাঘব হয়েছে, যৌতুক এর বিপক্ষে সচেতনতা বৃদ্ধি পেয়েছে, ইভটিজিং কমেছে। | - | |
| ৮. | বেকারমুক্ত গ্রাম সৃজন | খুলনার রূপসা উপজেলার মাছুয়াডাঙ্গা ও কুষ্টিয়ার কুমারখালী উপজেলায় লাহিনীপাড়া গ্রামে উদ্যোগটির সফলভাবে বাস্তবায়িত হয়েছে। এতে জরিপের মাধ্যমে বেকারদের চিহ্নিত করে তাদেরকে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা প্রদান করা হয় এবং পরবর্তীতে তাদের ঋণ প্রদান করে আত্মকর্মে নিয়োজিত করা। এছাড়া গার্মেন্টসসহ বিভিন্ন প্রতিষ্ঠানে চাকরি প্রদানের মাধ্যমে তাদের বেকারত্ব দূর করা হয়েছে। | কার্যকর আছে। | বেকার যুবদের কর্মসংস্থান এবং আত্মকর্মসংস্থান সৃষ্টি হয়েছে। | - | |
| ৯. | ঋণের ই-সার্ভিস | প্রশিক্ষিত যুবদের ঋণের আবেদন, ঋণী বাছাই প্রক্রিয়া এবং ঋণ অনুমোদন প্রক্রিয়া অনলাইনের মাধ্যমে পরিচালিত করা হচ্ছে। এ কার্যক্রম বাস্তবায়নের জন্য এ সিস্টেম | কার্যকর আছে।<br>৮টি জেলায় বাস্তবায়ন করা হচ্ছে। | অনলাইনে ঋণের আবেদন থেকে ঋণের চেক বিতরণ কার্যক্রম সম্পন্ন হওয়ায় ঋণ প্রত্যাশিদের ভোগান্তি | http://103.48.16.216/rin/ | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ব্যবহারকারিদের সক্ষমতা তৈরীর জন্য প্রশিক্ষণ প্রদান করে পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হচ্ছে। | | লাঘব হয়েছে। তাদের সময়, খরচ এবং যাতায়াত কমেছে। | | |
| ১০. | ই-লার্নিং | ডিজিটাল প্লাটফর্মের(মুক্ত পাঠ) মাধ্যমে যুবরা অনলাইনে যাতে প্রশিক্ষণ গ্রহণ করতে পারে সেজন্য নির্ধারিত প্রশিক্ষণের অন-লাইন কন্টেন্ট প্রস্তুত করে মুক্তপাঠ প্লাটফর্মে আপলোড করা হয়েছে। | কার্যকর আছে।<br>(স্বল্প পুঁজিতে কোয়েল পালন, গরু রমোটাতাজাকরণ, পুকুরে মিশ্রচাষের কৌশল) | অনলাইনে প্রশিক্ষণ গ্রহণের সুযোগ তৈরী হয়েছে। | dyd.gov.bd-> ই-সেবা-> ই-লানিং ও মুক্তপাঠ। | |
| ১১. | অনলাইন ট্রেনিং এপ্লিকেশন এন্ড কোর্স ম্যানেজমেন্ট সিস্টেম | অনলাইনে প্রশিক্ষণের আবেদন গ্রহণ ও প্রক্রিয়াকরণ | কার্যকর নেই<br>(বর্তমানে NISE[3] এর মাধ্যমে এ কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে) | অনলাইনে প্রশিক্ষণের আবেদন করার সুযোগ এবং প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য প্রাপ্তির সুযোগ তৈরী হয়েছে। | https://nise.gov.bd/ | |
| ১২. | অনলাইন যুব সংগঠন নিবন্ধন | যুব সংগঠন নিবন্ধনের উদ্দেশ্যে ফরম-‘ক’ এবং পূর্বে যুব উন্নয়ন অধিদপ্তর থেকে তালিকাভূক্ত যুব সংগঠন তাদের স্বীকৃতিপত্রের জন্য ফরম-‘খ’ অনুযায়ী নিবন্ধন কর্তৃপক্ষের (উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর) নিকট অনলাইনে আবেদন করতে পারেন। আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় দলিলাদি এবং অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকার ট্রেজারি চালানের কপি সংযুক্ত করতে হয়। আবেদনপত্র প্রয়োজনীয় যাচাই পূর্বক আবেদনকারি সংগঠনকে নিবন্ধন সনদ/স্বীকৃতি পত্র প্রদান করা হয়। | কার্যকর আছে।<br>(গাজীপুর সদর, চট্টগ্রামের শীতা | অনলাইনে এবং সহজেই যুব সংগঠনের নিবন্ধন প্রাপ্তির সুযোগ তৈরী হয়েছে। | http://103.48.16.216/Clubreg/ | |
| ১৩. | ডবল মনিটরে কম্পিউটার প্রশিক্ষণ | একটি কম্পিউটারের সাথে ২টি মনিটর সংযুক্ত করে এমন একটি ডিভাইস তৈরী করা হয় যাতে ব্যবহারকারি একটি মাউস দিয়ে দুইটি মনিটরে একযোগে কাজ করতে পারে। এ পদ্ধতিতে প্রশিক্ষণ প্রদানের জন্য একটি মনিটরে মডিউল/নির্দেশনা থাকে এবং অপর মনিটরে সে অনুসরন করে কাজ করা যায়। ফলে কোন প্রশিক্ষক ছাড়াই একজন প্রশিক্ষণার্থী প্র্যাকটিস করতে পারেন। | কার্যকর নেই।<br>সকল প্রশিক্ষণ কেন্দ্রে এ ডিভাইস সরবরাহ না করা এ কার্যক্রম বাস্তবায়িত হয়নি। | কোন প্রশিক্ষক ছাড়াই একজন প্রশিক্ষণার্থী প্রথম মনিটারের নির্দেশনা অনুসরন করে দ্বিতীয় মনিটরে প্র্যাকটিস করে নিজে নিজেই প্রশিক্ষণ গ্রহণ করতে পারেন। | - | |
| ১৪. | মোবাইল ব্যাংকের মাধ্যমে ঋণের কিস্তি আদায় | মোবাইল ব্যাংকিং সেবা প্রদানের জন্য সেবা প্রদানকারী প্রতিষ্ঠান হিসেবে ডাচ-বাংলা-মোবাইল ব্যাংককে (যা বর্তমানে রকেট নামে পরিচিত) সেবা প্রদানকারী প্রতিষ্ঠান হিসেবে নির্বাচন করা হয়। ঋণ গ্রহীতাদের নিজ নিজ মোবাইল ব্যাংকের হিসাব খোলা এবং প্রত্যেকের নামে ঋণ পরিশোধের আইডি প্রস্তুত করে তা সরবরাহ করা হয়।<br>মোবাইল ব্যাংকের মাধ্যমে ঋণের কিস্তি পরিশোধের বিষয়ে ঋণীদের প্রশিক্ষণ দেয়া হয়। মোবাইল ব্যাংকের মাধ্যমে কিস্তি প্রদান এবং প্রাপ্তির নিশ্চিত করা মেসেজ এবং ডিজিটালী তথ্য সংরক্ষণ করা। | কার্যকর আছে।<br>(১৮ জেলায় বাস্তবায়ন করা হচ্ছে) | এ কার্যক্রম বাস্তবায়নের ফলে ঋণী গ্রহীতাদের সময়, খরচও যাতায়ত কমেছে। নগদ অর্থ বহনের ঝুঁকি লাঘব হয়েছে, ঋণ আদায়কারি নিকট অর্থ হস্তমজুদ বা আত্মসাতের সুযোগ বন্ধ হয়েছে, স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত হয়েছে ফলে যুবদের এ দপ্তরের প্রতি আস্থা বেড়েছে। | http://103.11.136.25:7004/mbwebreport/ | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৫. | ট্রেনিং এটেন্ডেন্ট ট্র্যাকিং সিস্টেম | প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণার্থীদের উপস্থিতি তদারকীর লক্ষ্যে একটি সফটওয়্যার প্রস্তুত করে পরীক্ষামূলকভাবে দুইটি প্রশিক্ষণ কেন্দ্রে এ কার্যক্রমটি বাস্তবায়ন করা হয়েছে। | কার্যকর নেই।<br>অবকাঠামোগত সুবিধা না থাকায় এটি সম্প্রসারণ করা হয়নি। | প্রশিক্ষণের উপস্থিতি উর্ধ্বতন কার্যালয় থেকে মনিটর করা সম্ভব হয়েছে ফলে প্রশিক্ষণার্থীর উপস্থিতি বৃদ্ধি পেয়েছে। এবং প্রশিক্ষণের মান উন্নত হয়েছে। | - | |
| ১৬. | পিডিএস তৈরীর মাধ্যমে অধিদপ্তরে জনবলের ডাটাবেজ তৈরী | একটি সফটওয়্যারের মাধ্যমে অধিদপ্তরে সকল কর্মকর্তা এবং কর্মচারীর তথ্য এন্ট্রি করে একটি ডাটাবেজ তৈরী করা হয়। সকল কর্মকর্তা/কর্মচারীর জন্য একটি ইউজার আইডি তৈরী করে তাকে জানিয়ে দেওয়া হয়। এর মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের ছুটি, বদলী, প্রোমোশন, পেনশনসহ সকল তথ্য সংরক্ষণ করা হয় এবং সুবিধাভোগীর সাথে প্রয়োজনীয় যোগাযোগ রক্ষা করা সম্ভব হয়। | কার্যকর আছে।<br>(তথ্য হালনাগাদের কাজ চলমান রয়েছে) | সুবিধাভোগী কর্মকর্তা/ কর্মচারী তাদের প্রয়োজনে এ সফটওয়্যারে প্রবেশ করে তার তথ্য দেখতে বা তথ্য হালনাগাদ করতে পারেন। ফলে ছুটি, প্রমোশন, পেনশনসহ সকল সুযোগ সুবিধার বিষয়ে সময়মত পদক্ষেপ নিতে পারেন। | http://103.48.16.204/pds/ | |

মন্ত্রণালয়/বিভাগের নাম: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
দপ্তরের নাম: জাতীয় ক্রীড়া পরিষদ

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| **ক্রমিক নং** | **ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারনা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম** | **সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ** | **সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/না থাকলে কারণ** | **সেবা গ্রহীতা প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না** | **সেবার লিংক** | **মন্তব্য** |
| ০১. | লাইব্রেরী ম্যানেজমেন্ট সিস্টেম | জাতীয় ক্রীড়া পরিষদের সেবা প্রদান প্রতিশ্রুতির একটি সেবার নাম লাইব্রেরীতে পাঠদান। পরিষদৈর বিদ্যমান লাইব্রেরীতে পাঠদান কার্যক্রমকে ত্বরান্বিত তথা বইয়ের পাঠ্যসেবা ও সেবা গ্রহণকারীর তথ্য সহজীকরণ করতে এই সেবাটিকে একটি ফরমের মাধ্যমে সহজীকরণ করা হয়েছে, যার লিংক পরিষদের ওয়েবসাইটে দেয়া আছে। | হ্যাঁ | হ্যাঁ | https://forms.gle/yUfYfTm4oV4udjiP6 | |
| ০২. | কর্মকর্তা/কর্মচারী ডেটাবেইজ | পরিষদের বিভিন্ন শাখায় এবং বিভাগীয় কার্যালযে কর্মরত বিভিন্ন পদের কর্মকর্তা/কর্মচারীর তথ্য সম্বলিত ডেটাবেইজ। | হ্যাঁ | হ্যাঁ | https://forms.gle/KWnVDkaAdxtN7u7i8 | |
| ০৩. | ই-পেনশন সার্ভিস | পরিষদের বিভিন্ন শাখায় কর্মরত বিভিন্ন পদের কর্মকর্তা/কর্মচারীর পেনশন সম্পর্কিত তথ্য সম্বলিত ডেটাবেইজ। | হ্যাঁ | হ্যাঁ | https://forms.gle/8HHcmdwZT6zFcvG66 | |
| ০৪. | ইনভেন্টরি ম্যানেজমেন্ট সিস্টেম | পরিষদের সকল শাখায় ব্যবহৃত সকল ই-ডিভাইস (ল্যাপটপ, ডেক্সটপ. প্রিন্টার, স্ক্যানার ইত্যাদিসহ সকল প্রকার ইলেকট্রনিক্স যন্ত্রপাতি ও কম্পিউটার রিলেটেড যন্ত্রাংশ) এর তথ্য সংরক্ষণ এবং বিভিন্ন সময় ক্রয়কৃত ডিভাইসের তথ্য সম্বলিত ডেটাবেইজ। | হ্যাঁ | হ্যাঁ | সেবাটি অফলাইন/ডেক্সটপ ভার্সনে চলমান আছে। | |

মন্ত্রণালয়/বিভাগের নাম: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
দপ্তরের নাম: বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (BKSP)

## বিষয়ঃ ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ০১. | বিকেএসপি'তে অনলাইনের মাধ্যমে প্রশিক্ষণার্থী ভর্তি | বিকেএসপি'তে অনলাইনের মাধ্যমে প্রশিক্ষণার্থী ভর্তি সেবাটি ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার মাধ্যমে বাস্তবায়ন করা হয় এবং ২০১৮ শিক্ষাবর্ষে থেকে অনলাইনের মাধ্যমে প্রশিক্ষণার্থী ভর্তি কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। এতে সরকারের ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়ন কাজে অংশগ্রহণ নিশ্চিত করা হয়েছে। | সেবাটি চলমান রয়েছে। | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন। | http://bkspbd.com/?app=online_admission2&cmd=OptionSkin | নেই |
| ০২. | বিকেএসপি'তে অনলাইনের মাধ্যমে তৃণমূল পর্যায় থেকে প্রশিক্ষণার্থী বাছাই কার্যক্রমের আবেদন গ্রহণ। | বিকেএসপি'তে অনলাইনের মাধ্যমে প্রশিক্ষণার্থী ভর্তি সেবাটি ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার মাধ্যমে বাস্তবায়ন করা হয় এবং ২০১৯ শিক্ষাবর্ষে থেকে অনলাইনের মাধ্যমে তৃণমূল পর্যায় থেকে প্রশিক্ষণার্থী বাছাই কার্যক্রমের আবেদনপত্র গ্রহণ করা হচ্ছে। | সেবাটি চলমান রয়েছে। | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন। | http://bkspbd.com/?app=talent_hunt&regtype=Talent%20Hunt | নেই |
| ০৩ | অনলাইনের মাধ্যমে ডিপ্লোমা ইন স্পোর্টস সাইন্সের প্রশিক্ষণার্থী ভর্তি। | বিকেএসপি'তে অনলাইনের মাধ্যমে ডিপ্লোমা-ইন-স্পোর্টস সাইন্সে প্রশিক্ষণার্থী ভর্তি সেবাটি ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার মাধ্যমে বাস্তবায়ন করা হয় এবং ২০২১ শিক্ষাবর্ষে থেকে অনলাইনের মাধ্যমে প্রশিক্ষণার্থী ভর্তি কার্যক্রম পরিচালিত হচ্ছে। | সেবাটি চলমান রয়েছে। | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন। | http://bkspbd.com/?app=talent_hunt&cmd=DownloadSkin | নেই |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ০৪ | ই-নথির মাধ্যমে কর্মকর্তা-কর্মচারীদের ছুটি মঞ্জুর। | ২০২০-২১ অর্থবছরে সেবাটি সহজিকরণ করা হয়েছে। ফলশ্রুতিতে দ্রুততম সময়ে ছুটি মঞ্জুর করা সম্ভব হচ্ছে। | সেবাটি চলমান রয়েছে। | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন। | - | নেই |
| ০৫ | ই-নথির মাধ্যমে প্রশিক্ষণার্থীদের ছুটি মঞ্জুর। | ২০১৮-১৯ অর্থবছরে সেবাটি সহজিকরণ করা হয়েছে। ফলশ্রুতিতে দ্রুততম সময়ে ছুটি মঞ্জুর করা সম্ভব হচ্ছে। | সেবাটি চলমান রয়েছে। | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন। | - | নেই |